




WPSA-BB
Newsletter
Special
Issue



একটি ত্রৈমাসিক পোল্ট্রি নিউজলেটার
ওয়ার্ল্ড'স পোল্ট্রি সায়েন্স এসোসিয়েশন-বাংলাদেশ শাখা (WPSA-BB)

বিশেষ সংখ্যা



9th

INTERNATIONAL POULTRY SHOW & SEMINAR 2015

Safe Food, Healthy Nation

19-21 FEBRUARY, 2015

**BANGABANDHU INTERNATIONAL
CONFERENCE CENTER**

DHAKA-BANGLADESH

www.wpsa-bb.com



ওয়ার্ল্ড'স পোল্ট্রি সায়েন্স এসোসিয়েশন-বাংলাদেশ শাখা (WPSA-BB)





10th INTERNATIONAL POULTRY SHOW & SEMINAR 2015

Safe Food, Healthy Nation

Inaugural Ceremony

19 February, 2015 | BICC, Dhaka



Organized by

World's Poultry Science Association-Bangladesh Branch

Platinum Sponsor | RENATA ANIMAL HEALTH

ACI Limited

Gold Sponsor

INOVUS

NOURISH

Silver Sponsor | Aftab Bahumukhi Farms Ltd.

Altech

AVON animal health

umberland

KEMIN INSPIRED MOLECULAR SOLUTIONS

এ সংখ্যায় থাকছে

- ১। সম্পাদকীয় : পৃষ্ঠা ২
- ২। প্রেসিডেন্ট ও সম্পাদকের বাণী : পৃষ্ঠা ৩
- ৩। প্রবন্ধ-খাদ্য ও পুষ্টি নিরাপত্তায় পোল্ট্রির অবদান : পৃষ্ঠা ৪-৮
- ৪। প্রবন্ধ- The role of probiotics in commercial broiler production : পৃষ্ঠা ৯-১২

সম্পাদকীয় উপদেষ্টামন্ডলী

মসিউর রহমান, সভাপতি- WPSA-BB
মোঃ রফিকুল হক, সম্পাদক- WPSA-BB
মোঃ আব্দুর রাজ্জাক মিয়া, প্রাক্তন সভাপতি- WPSA-BB

সম্পাদক

প্রফেসর ড. এস. ডি. চৌধুরী, কার্যনির্বাহী সদস্য- WPSA-BB
ই-মেইলঃ drsdchow@gmail.com

সম্পাদনা পরিষদ সদস্যবৃন্দ

ডাঃ মোঃ কামরুজ্জামান, যুগ্ম- সম্পাদক- WPSA-BB
ডাঃ এসএমএফবি আব্দুস সবুর, কার্যনির্বাহী সদস্য- WPSA-BB
ড. মোঃ ইলিয়াস হোসেন, সদস্য- WPSA-BB

সার্বিক সহযোগিতা

WPSA-BB সচিবালয়
মেগা ডমিসাইল, ফ্ল্যাট বি-৬, প্লট-৯১, রোড-৪, ব্লক-বি
নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২, বাংলাদেশ।
ফোন : ৮৮৩২২৩৮, মোবাইল : ০১৭১১৩৭১০১৯
ফ্যাক্স : ৮৮৩২২৩৭
ই-মেইল : info@wpsa-bb.com
ওয়েব : www.wpsa-bb.com

সম্পাদকীয়



ওয়ার্ল্ড'স পোল্ট্রি সায়েন্স বাংলাদেশ শাখা কর্তৃক আয়োজিত ৯ম আন্তর্জাতিক “পোল্ট্রি শো ও সেমিনার” উপলক্ষে সম্মানিত পাঠক-পাঠিকাদের জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা। এই পোল্ট্রি শো ও সেমিনার-এর প্রাক্কালে আমাদের নিয়মিত প্রকাশনা WPSA-BB নিউজ লেটারটির বিশেষ সংখ্যা বর্ধিত কলেবরে প্রকাশিত হ'ল। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতার জন্য ধন্যবাদ জানাচ্ছি।

WPSA-BB দ্বিবার্ষিক কার্যক্রমের বিশেষ অংশ হিসেবে এ “পোল্ট্রি শো ও সেমিনার” অনুষ্ঠিত হচ্ছে। কারিগরি অধিবেশনে থাকছে দেশী-বিদেশী খ্যাতনামা বিজ্ঞানীদের পোল্ট্রির বিভিন্ন বিষয়ের উপর প্রবন্ধ উপস্থাপনা। মেলায় আগত আগ্রহী দর্শনার্থীদেরকে কারিগরি অধিবেশনের কর্মসূচি অনুসারে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানাচ্ছি। সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এবারের ৯ম আন্তর্জাতিক পোল্ট্রি শো ও সেমিনার ২০১৫ প্রাণবন্ত এবং সফল হবে এই কামনা করছি।

এ বিশেষ সংখ্যায় থাকছে পোল্ট্রির উৎপাদনে প্রোবায়োটিক ব্যবহার সম্পর্কিত একটি লেখা (The role of probiotics in commercial broiler production) এবং খাদ্য ও পুষ্টি নিরাপত্তায় পোল্ট্রির অবদান সম্পর্কিত তথ্যবহুল আরো একটি লেখা। আমি আশা করছি এ সকল প্রবন্ধের তথ্যসমূহ পোল্ট্রি হতে নিরাপদ পুষ্টিকর খাদ্য উৎপাদনে যথেষ্ট সহায়ক হবে।

সবাই ভাল থাকুন। সুস্থ থাকুন।

প্রফেসর ড. সচ্চিদানন্দ দাস চৌধুরী
সম্পাদক

